# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১৩ জুলাই’২০২৩খ্রি.

## চট্টগ্রামের সাথে সম্পর্ক গভীর করতে চায় ইতালি

বাংলাদেশের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে কেবল ঢাকানির্ভর না হয়ে চট্টগ্রামের সাথে সম্পর্ক গভীর করতে চায় ইতালি।

বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাতে ইতালির চার্জ দ্য অ্যাফেয়ার্স মাতিয়া ভেনতুরা (Mattia Ventura) এ মন্তব্য করেন।

চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী হওয়ায় এখানে শিল্পায়নের যে বিপুল সুযোগ রয়েছে তা গ্রহণ করতে পারে ইতালি। বিশেষ করে প্রধানমন্ত্রী চট্টগ্রামের বাণিজ্যিক সম্ভাবনার প্রসারে আড়াই হাজার কোটি টাকা ব্যয়ে পুরো নগরীর অবকাঠামোখাত সংস্কার করছেন এবং আরো বেশ কিছু প্রকল্পের মাধ্যমে নগরী ও বন্দরের সক্ষমতা বৃদ্ধি করছেন। ইতালি এই উন্নত অবকাঠামো কাজে লাগিয়ে আর্থিকভাবে লাভবান হতে পারে।

জবাবে ইতালির চার্জ দ্য অ্যাফেয়ার্স  মাতিয়া ভেনতুরা (Mattia Ventura) বলেন, বাংলাদেশের সাম্প্রতিক অর্থনৈতিক সাফল্যে আকৃষ্ট হয়ে ইতালি বাংলাদেশে বিপুল বিনিয়োগের ব্যাপারে আগ্রহী। বিশেষ করে ইউরোপীয় ইউনিয়নে চামড়াজাত পণ্য রপ্তাণির ক্ষেত্রে পরিবেশগত মাপকাঠিতে না উতরাতে পেরে  বাংলাদেশের চামড়াজাত পণ্য ইউরোপে ভাল অবস্থান তৈরি করতে পারছেনা অথচ প্রতি বছর বাংলাদেশে বিপুল পরিমাণ চামড়া উৎপাদিত হয়।

বিশ্বে ইতালির চামড়াজাত পণ্যের যে বিপুল বাজার তা প্রসারিত করতে ইতালি বাংলাদেশে বিনিয়োগের কথা ভাবছে, যার ফলে বাংলাদেশে বিনিয়োগ বৈচিত্র্য তৈরি হবে এবং ইতালিও লাভবান হবে। ইতালি বাংলাদেশের সাথে সম্পর্কের ক্ষেত্রে কেবল ঢাকাকেন্দ্রীক না হয়ে চট্টগ্রামকেও গুরুত্ব দিয়ে আগাতে চায়।

বাংলাদেশের প্রবাসি শ্রমিকদের প্রশংসা করে তিনি বলেন, ইতালিতে বিপুল সংখ্যক বাংলাদেশি শ্রমিক কাজ করছেন। বাংলাদেশি শ্রমিকরা এত দক্ষ যে ইতালির জাহাজ নির্মাণখাতে সবচেয়ে প্রাধান্য পাচ্ছে  বাংলাদেশি শ্রমিকরা। একারণে ইতালি বাংলাদেশি শ্রমিকদের জন্য ভিসাপ্রক্রিয়া সহজ করে ভিসা প্রদানের হার বাড়িয়েছে।

সৌজন্য সাক্ষাতে উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবুল হাসনাত মো. বেলাল, সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা আবুল হাশেম এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী।

## চট্টগ্রামের নিম্ন আয়ের মানুষদের জন্য দুই প্রকল্প নিল ব্র্যাক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় জলবায়ু পরিবর্তনজনিত কারনে নগরীতে স্থানান্তরিত হওয়া নিম্ন আয়ের মানুষদের জীবনমান ও জীবিকা মানোন্নয়নে নতুন দুইটি প্রকল্পের কাজ শুরু করতে যাচ্ছে ব্র্যাক।

বৃহস্পতিবার  টাইগারপাসস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কনফারেন্স রুমে এ প্রকল্পের অবহিতকরন সভায় জানানো হয় ‘ক্লাইমেট ব্রিজ ফান্ড’ এর মাধ্যমে জার্মান ডেভেলপমেন্ট ব্যাংক-কেএফ এর আর্থিক সহায়তায় এ প্রকল্প দুটি বাস্তবায়িত হবে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মাননীয় বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী, সভাপতিত্ব করেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা  শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম,

সভায় জানানো হয়, জলবায়ু পরিবর্তনের কারনে সৃষ্ট পরিবর্তিত পরিবেশের সাথে জলবায়ু অভিবাসীদের খাপ খাওয়ানো এবং তাদের জীবন জীবিকা উন্নয়নের উদ্দেশ্যে নিম্ন আয়ের মানুষের জন্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

সভায় উপস্থিত ছিলেন কাউন্সিলর নাজমুল হক ডিউক, মোবারক আলী, হাজী নুরুল হক, তাসলিমা বেগম,চসিকের বন ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, বেসরকারি উন্নয়র সংস্থার কর্মকর্তা মোঃ সহিদ উল্য, উপমা মাহবুব, কামাল হোসেন, মাহফুজুর রহমান, আশা পূর্ণা দাশ, মোঃ আব্দুস সেলিম, মোঃ নজরুল ইসলাম মজুমদার, মোঃ মশিউর রহমান, মোঃ ইনামুল হাসান এবং অন্যান্য এনজিও এর প্রতিনিধিবৃন্দ।

## প্রধানমন্ত্রীর নির্দেশ, গাছ লাগাও বাঁচাও দেশঃ মেয়র রেজাউল

জলবায়ু পরিবর্তন মোকাবিলা করে দেশ বাঁচাতে প্রধানমন্ত্রীর নির্দেশ অনুসারে গাছ লাগানোর আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।
বৃহস্পতিবার বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের আয়োজনে যুব রেড ক্রিসেন্ট, চট্টগ্রাম এর সহযোগিতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কাছে গাছের চারা বিতরণ করেন মেয়র।
এসময় মেয়র বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা করে দেশ বাঁচাতে প্রধানমন্ত্রীর নির্দেশে আমরা সম্ভাব্য প্রতিটি স্থানে গাছ লাগাবো। আজ রেড ক্রিসেন্ট তিন হাজার বৃক্ষের চারা বিতরণ করার মাধ্যমে সবুজায়ন সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফলজ, ঔষধি বৃক্ষ সমূহ রোপণ করে আমরা উপকার পেতে পারি।

উক্ত কার্যক্রমের উদ্বোধক ছিলেন সোসাইটির ট্রেজারার এম.এ সালাম। চট্টগ্রাম সিটি ইউনিট এর ভাইস চেয়ারম্যান মো: আলমগীর পারভেজের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন। চট্টগ্রাম সিটি ইউনিটের সেক্রেটারি আবদুল জব্বারের সঞ্চালনায় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, মোঃ মোশরাফুল হক চৌধুরী, মোঃ ইমতিয়াজ, যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রাম এর যুব প্রধান ইস্তাকুল ইসলাম চৌধুরী ইশানসহ বিভিন্ন স্কুল কলেজের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

## চসিক ভ্রাম্যমান আদালত
## এডিস মশার লার্ভা পাওয়ায় ১৪ ভবন মালিককে
## ১ লক্ষ ৭৮ হাজার ৫শত টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার ডেঙ্গু মশার উৎসস্থল ধ্বংসে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন শিক্ষা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উজালা রাণী চাকমা। নগরীর জালালাবাদ হাউজিং এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল শতাধিক বাসা বাড়ির ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন ড্রোন দিয়ে জরিপ করা হয়। অভিযানে নির্মাণাধীন ভবনের নীচে, ফুলের টব, ড্রাম ও ছাদে জমে থাকা পানিতে মশার লার্ভা থাকায় ১৪ ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ ৭৮হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাসেম। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা কর্মচারী ও খুলশী থানা পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮